# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ সপ্তদশ অধ্যায়- সুন্নত ও নফল রোযা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১১। সাধারণ নফল রোযা

সাধারণ নফল রোযা; যা কোন নির্দিষ্ট কারণ বা দিনের সাথে সীমাবদ্ধ নয়। এমন রোযা নিষিদ্ধ দিন ছাড়া যে কোনও দিনে অনির্দিষ্টভাবে রাখা যাবে। মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, ‘‘শীতকালের রোযা ঠান্ডা গনীমত (যুদ্ধজয়ে লব্ধ সম্পদ)।’’

অন্য এক বর্ণনায় তিনি বলেন, ‘‘শীতকাল মুমিনের বসন্তকাল। তার রাত্রি লম্বা হওয়ার ফলে সে তাহাজ্জুদ পড়ে এবং তার দিন ছোট হওয়ার ফলে সে রোযা রাখে।’’[1]

বলা বাহুল্য, এমন রোযা দ্বীনের সহজ-সরল নিয়ম-নীতির ভিত্তিতেই বিধিবদ্ধ।

## ফুটনোট

[1] (আহমাদ, মুসনাদ প্রমুখ, সিলসিলাহ সহীহাহ, আলবানী ১৯২২নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4192

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন